## ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আশরাফ উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার তারিখ | : ৩০ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : বেলা ১২.০০ ঘটিকা |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত ইউপি চেয়ারম্যান ও সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা প্রকৌশলী বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন সেলক্ষ্যে উপস্থিত সকল চেয়ারম্যানগণকে দ্রুত প্রস্তাবিত তালিকা দাখিল করার জন্য অনুরোধ করেন। অবকাঠামোর কাজ চলমান রয়েছে। তাছাড়া, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে এবং অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক করতে হবে। | উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, গফরগাঁও |
| ০৩ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির প্রকল্পের জন্য (ক) প্রথম পর্যায়ে ২৫টি প্রকল্পের জন্য বরাদ্দকৃত টাকা =৫৭,২৪,৪২৮.৬৮/- কাজের অগ্রগতি গড়ে ৬৫% (খ) ১ম পর্যায়ের ১৫টি প্রকল্পের জন্য বরাদ্দকৃত চাল ১২১.১২৭২ মে.টন কাজের অগ্রগতি গড়ে ৬৬% (গ) ১ম পর্যায়ের ১৫টি প্রকল্পের জন্য বরাদ্দকৃত গম ১২১.১২৭২ মে.টন কাজের অগ্রগতি গড়ে ৬৮% । অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির ১ম পর্যায়ের ৩১টি প্রকল্পের বরাদ্দকৃত টাকা ৩০,৭৫,৬৩৭.৭০ কাজের অগ্রগতি ৫৫%। কাবিখা/কাবিটা ও টিআর কর্মসূচির প্রকল্পের কাজ চলমান রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কর্মসূচীর কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ০৪ | **উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে,<br>১। বর্তমানে রোপা আমন ফসল কর্তন সফলভাবে সম্পন্ন হয়েছে। কৃষকের প্রচেষ্টা কৃষি বিভাগ সার্বক্ষনিক মনিটরিং এবং আবহাওয়া অনুকূলে থাকায় চলতি বছর আমনের বাম্পার ফলন হওয়ার সম্ভাবনা রয়েছে। বোরো ধানের আদর্শ বীজতলা স্থাপন কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>২। বর্তমানে বিভিন্ন রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সন্তোষজনক। এ উপজেলায় কোনো ধরনের সারের সংকট নেই।<br>তাছাড়া অন্যান্য বিভাগীয় কর্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কর্মসূচীর কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |
| ০৫ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, সরকার ধারণা করছেন সামনের দিনগুলোতে করোনার প্রাদুর্ভাব আরো বৃদ্ধি পেতে পারে সেজন্য সকলকেই পূর্ব থেকেই সতর্ক থাকতে হবে। সকলকে স্বাস্থ্যবিধি মানার ব্যাপারে উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | Corona Virus সহ অন্যান্য বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, গফরগাঁও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ০৬ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, "ভেটেরিনারি পাবলিক হেলথ" প্রকল্প এর আওতায় জলাতঙ্ক রোগের ২টি পশুর নমুনা (সন্দেহজনক রোগাক্রান্ত) ঢাকায় পাঠানোর পর পজেটিভ রিপোর্ট আসে। ফলে ক্ষতিগ্রস্থ দু'জন খামারীর ক্ষতিপূরণ পাবার নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রমসমূহ<br>(চিকিৎসা সেবা, রোগ প্রতিরোধে টিকা প্রদান, কৃত্তিম প্রজনন ইত্যাদি) স্বাভাবিক ভাবে চলছে। | মোবাইল ফোনের মাধ্যমে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |
| ০৭ | **উপজেলা মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, পহেলা নভেম্বর হতে ৩০ শে জুন পর্যন্ত মোট আট মাস ১০ ইঞ্চি নিচের ছোট ইলিশ (জাটকা) নামে পরিচিত, আহরণ, ক্রয়, বিক্রয়, মজুদ, পরিবহন, বিনিময়, বাজারজাতকরণ সরকার কর্তৃক নিষিদ্ধ।<br>এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য চাষীদেরকে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত রাখতে করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও |

<table>
<tr><td>০৮</td><td>উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি): নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। এ ধারা অব্যহত রাখার জন্য নিরলস ভাবে কার্যক্রম চলমান এবং বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সকলকে অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে।</td><td>নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও</td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও একজন সহকারী শিক্ষককে ইউনিক আইডি প্রশিক্ষন সম্পন্ন করা হয়েছে এবং তথ্য যথাযথ কর্তৃপক্ষের নিকট সরবরাহ করা হয়েছে। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>০১। সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা শিক্ষা বিভাগ:<br>উপজেলা শিক্ষা অফিসার (ভার:), সভায় জানান যে, গফরগাঁও উপজেলার ২৩৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ০১টি শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় স্বাস্থ্যবিধি মেনে পুনরায় চালু হয়েছে। যথারীতি শ্রেণী কার্যক্রম চলছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা সমাজসেবা বিভাগঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়ের আওতাধীন সামাজিক নিরাপত্তা বেষ্টনীর সকল নিয়মিত ভাতাভোগীদের যেমন বয়স্ক ভাতাভোগী ১৪৪৫১ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগী ৪৬৯৩ জন এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী ৬২১৩ জনকে জিটুপির মাধ্যমে পে-রোল প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ভাতাভোগীগণ ভাতা প্রাপ্ত হচ্ছেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় সকল কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার</td></tr>
<tr><td>১২</td><td>বিআরডিবিঃ<br>০১। মূল কর্মসূচি: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সভায় জানান যে, ঋণ গ্রহীতারা ঋণ পরিশোধে অনীহা দেখাচ্ছেন। পল্লী ভবন, ইউটিইউ ভবন, কেয়ার গোডাউন কাম প্রশিক্ষন হলরুম, (দুইটি (৪০০+২০০=৬০০ টন) গোডাউন ও উপজেলা পরিষদে বিআরডিবির তিনটি জোড়াবাড়ির ভবন মেরামত না করার ফলে ভবন নষ্ঠ হয়ে যাচ্ছে। দ্রুত মেরামত করার জন্য অনুরোধ জানান। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক চলছে।<br>০২। পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ): উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।
<table>
<tr><th rowspan="2">বিবরণ</th><th colspan="3">অর্থ বছর</th><th colspan="3">ক্রম বর্ধিত</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি</th><th>হার</th><th>লক্ষমাত্রা</th><th>অগ্রগতি</th><th>হার</th></tr>
<tr><td>সমিতি গঠন</td><td>০৭</td><td>০০</td><td>০০</td><td>৮৪</td><td>৮৪</td><td>১০০%</td></tr>
<tr><td>সদস্য ভর্তি</td><td>৩০০</td><td>০০</td><td>০০</td><td>২৫০০</td><td>২২৩০</td><td>৮৯%</td></tr>
<tr><td>শেয়ার আদায়</td><td>৬.০০</td><td>০.১০</td><td>০২%</td><td>৩৫.০৮</td><td>৮.৩৮</td><td>২৪%</td></tr>
<tr><td>সঞ্চয় আদায়</td><td>১২.০০</td><td>০.৪৪</td><td>০৪%</td><td>৭০.১৮</td><td>২৯.২৬</td><td>৪২%</td></tr>
<tr><td>ঋণ বিতরণ</td><td>৯০.০৪</td><td>১৪.৫৫</td><td>১৬%</td><td>৪০৫.০০</td><td>৫২৭.৯৪</td><td>১০০%</td></tr>
<tr><td>ঋণ আদায়</td><td>৭৫.০৫</td><td>৩.৯৩</td><td>০৫%</td><td>৪২১.১৯</td><td>৪৩৮.৩২</td><td>১০০%</td></tr>
<tr><td>খেলাপী</td><td>০০</td><td>৬৭.৯৯</td><td>০০</td><td>০০</td><td>৬৭.৯৯</td><td>০০</td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>৩) আমার বাড়ি আমার খামার:<br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ সমাপ্তি ঘটেছে ৩০.০৭.২০২১ খ্রি. তারিখে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানটি পল্লী সঞ্চয় ব্যাংক হিসাবে কাজ করছে। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে পল্লী সঞ্চয় ব্যাংক হতে ৪২০.২০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৪১০.৬০ টাকা ঋণ আদায় করা হয়েছে। প্রতিষ্ঠানটির নিজস্ব দু-তলা ভবন নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। মাঠ পর্যায়ে সকল কাজে সকলের সহযোগীতা কামনা করেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করতে হবে।<br><br>২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।<br><br>৩। ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br><br>উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ)<br><br>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক (IGA) শীর্ষক প্রশিক্ষণ প্রকল্পে আওতায় অত্র উপজেলায় চালুকৃত ২ (দুই) টি ট্রেড(১) ফ্যাশন ডিজাইন ও (২) ফুড প্রসেসিং। উক্ত দুইটি ট্রেডের মধ্যে প্রশিক্ষণার্থী ভর্তির জন্য জানুয়ারি/২০২২ খ্রি.হতে মার্চ/২০২২ পর্যন্ত ১৩তম ব্যাচে ভর্তির জন্য অনলাইনে আবেদন করার জন্য www.iqua.training.gov.bd ওয়েব সাইটে ০২.১২.২০২১ খ্রি. হতে ১৫.১২.২০২১ খ্রি. পর্যন্ত উন্মুক্ত আছে। উক্ত ওয়েব সাইটে আবেদন করে যোগ্য প্রার্থীদেরকে প্রশিক্ষণে অংশগ্রহণ করে (১) ফ্যাশন ডিজাইন এ ২৫ জন এবং (২) ফুড প্রসেসিং এ ২৫ জন মোট ৫০টি আসনে প্রশিক্ষণার্থীরা প্রতিজন প্রতিদিন যাতায়াত ভাতা বাবদ ২০০/- টাকা হারে সর্বমোট ৬০ কর্মদিবসে ১২,০০০/- টাকা যাতায়াত ভাতা প্রাপ্য হবেন। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>পুষ্টি চাল খাওয়ার বিষয়ে চেয়ারম্যানগণের মাধ্যমে উপকারভোগীদের সচেতন করার সকলের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
</table>

<table>
<tr><td>১৪</td><td>উপজেলা খাদ্য বিভাগ:<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে খাদ্য বিভাগের আমন সংগ্রহ ২০২১-২০২২ অর্থ বছরের  কার্যক্রম চলমান। এ পর্যন্ত চাল সংগ্রহের পরিমাণ ১১০৫.০০০ মে.টন এবং ধান সংগ্রহ নাই। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চাল ও ধান সংগ্রহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নভেম্বর/২০২১ মাসের প্রতিবেদন।<br>সক্ষম দম্পতি ৮৮,৪৫০, গ্রহণকারী-৬৯,০৭০, সি.এ.আর-৭৭.১২%
<table>
<tr><td>বিভিন্ন পদ্ধতির নাম</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>হার</td></tr>
<tr><td>খাবার বাড়ি</td><td>৩৪,৪৬০</td><td>৩৮,৮৯০০</td><td>১১২.৫০%</td></tr>
<tr><td>কনডম</td><td>৬,২০০</td><td>৬,১৫০</td><td>৯৮.৩১%</td></tr>
<tr><td>ইনজেকশন</td><td>১৬,৮০০</td><td>১০,৫০০</td><td>৫৯.৫০%</td></tr>
<tr><td>আইইউডি</td><td>মাসিক ৯০</td><td>৪৩</td><td>৪১.৩৫%</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>মাসিক ৮৫</td><td>৪৫</td><td>৪৭.৫০%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি পুরুষ</td><td>মাসিক ১০</td><td>০</td><td>০%</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি মহিলা</td><td>১০</td><td>৫</td><td>৫০.৫০%</td></tr>
</table>
মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা সমবায় বিভাগ:<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, সমবায় সমিতি অডিট, তদন্ত, পরিদর্শন ও মনিটরিং কার্যক্রম নিয়মিত হচ্ছে। সরকারি রাজস্ব আদায় নিয়মিত আদায় করে সরকারি কোষাগারে জমা করা হচ্ছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় নিয়মিত করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>০১। নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২। সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার</td></tr>
<tr><td>১৭</td><td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহের আওতায় ২০০টি জলাধারসহ সাবমারসিবল পাম্প ও ১৯০টি নলকূপ স্থাপনের কাজ চলমান। অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ:<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, মোট ১৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তহবিল ঘাটতির কারণে ঋণ প্রদান করা যাচ্ছে না। ঋণ তহবিলে চাহিদা পত্র দেয়ার পরেও কিস্তি খেলাপীর কারণে কর্তৃপক্ষ তহবিল না দেয়ার কথা বলেছেন। খেলাপী আদায়ে সম্মানীত ইউপি চেয়ারম্যানগণদের নিকট সহযোগীতা কামনা করেন। তাছাড়া, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা পরিসংখ্যান  বিভাগ:<br>উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, গত ২ ই নভেম্বর থেকে ২৫ ডিসেম্বর "প্রতিবন্ধী জরিপ-২০২১" কার্যক্রম চলমান। অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, অসহায় সুবিধা বঞ্চিত জনসাধারণের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। ডিসেম্বর/২০২১ খ্রি. মাস পর্যন্ত ৩৩৯ জন সদস্যের মাঝে ১৫৮.০১ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। চলতি ঋণ আদায়ের হার ৯৬%। কার্যালয়ের সার্বিক কার্যক্রম সন্তোষজনক। এছাড়াও অন্যান্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে।</td><td>১। ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা</td></tr>
<tr><td>২১</td><td>উপজেলা আনসার ও ভিডিপি: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আনসার ও ভিডিপি বাহিনী থানার সাথে সমন্বয় করে সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে।  এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব সময় প্রস্তুত থাকতে হবে।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার</td></tr>
<tr><td>২২</td><td>পল্লী বিদ্যুৎ বিভাগ:<br>ডি.জি.এম সভায় জানান যে, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। এ ধারা অব্যাহত রাখার জন্য সার্বিক প্রচেষ্টা চালানো হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।</td><td>ডি.জি.এম পল্লী বিদ্যুৎ/</td></tr>
<tr><td>২৩</td><td>ইসলামিক ফাউন্ডেশন:<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ইসলামিক ফাউন্ডেশন গফরগাঁও উপজেলায় সকল কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক চলছে। মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে স্থানান্তরের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। অফিস হস্তান্তরের প্রক্রিয়া চলমান। সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার বিষয়ে আলোচনা করার জন্য উপজেলার সকল মসজিদের ইমাম সাহেবদের উদ্বুদ্ধ করা হচ্ছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td><td>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২৪ | **উপজেলা তথ্য কেন্দ্র:**<br>তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, উপজেলা তথ্যকেন্দ্র, গফরগাঁও, ময়মনসিংহ এর কার্যক্রম সমূহ;<br>১। তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান<br>২। ভর্তি পরীক্ষার ফলাফল<br>৩। ভর্তি পরীক্ষার ফরম পূরণ<br>৪। চাকরির আবেদন পত্র পূরণ।<br>৫। ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ।<br>৬। কৃষি, শিক্ষা, ব্যবসা ইত্যাদি সংক্রান্ত পরামর্শ প্রদান।<br>৭। আইনি সহায়তা পরামর্শ প্রদান।<br>৮। ডায়াবেটিকস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা ও ওজন পরিমাপ।<br>৯। গ্রামীণ নারীদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয়ের জন্য www.laalsobuj.com মার্কেটপ্লেস পরিচালনা। উপরোক্ত সেবাসময়হ তথ্যকেন্দ্র হতে ডোর টু ডোর পদ্ধতিতে এবং উঠান বৈঠকের মাধ্যমে প্রদান করা হয়। উঠান বৈঠক ডোর টু ডোর সহ সকল কার্যক্রম পুনরায় শুরু হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও |

বিবিধ আলোচনা:

| | | | |
|---|---|---|---|
| ০১ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, জনাব মোঃ আশরাফ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের নভেম্বর/২০২১ মাসের শেষ আংশিক ও ডিসেম্বর/২০২২ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =১১,২৫০ (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>২। জনাব মোঃ আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও এর নভেম্বর/২০২১ মাসের শেষ আংশিক ও ডিসেম্বর/২০২১ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =৮,৫০০/-( আট হাজার পাঁচশত) টাকা।<br>৩। জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের নভেম্বর/২০২১ মাসের শেষ আংশিক ও ডিসেম্বর/২০২১ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =৮,৫০০/-(আট হাজার পাঁচশত) টাকা বিল ও ভ্রমণ বিবরণী বিল সভায় উপস্থাপন করেন এবং সভায় অনুমোদনের জন্য অনুরোধ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর নভেম্বর/২০২১ মাসের শেষ আংশিক ও ডিসেম্বর/২০২১ মাসের প্রথম আংশিক ভ্রমণ ব্যয় বিল অনুমোদন এবং উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০২ | জনাব আরিফ আহমেদ খান, সিএ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, জনাব আরিফ আহমেদ খান, সিএ এবং জনাব সবুজ বাসপর, অফিস সহায়ক, উপজেলা পরিষদ, গফরগাঁও এর আগামী ২৩.০১.২০২২ খ্রি. তারিখ হতে ০৭.০২.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত শ্রান্তি বিনোদন ছুটি এবং ভাতা প্রাপ্য হবেন। শ্রান্তি বিনোদন ছুটিসহ মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের অনুরোধ জানান। | আগামী ২৩.০১.২০২২ খ্রি. তারিখ হতে ০৭.০২.২০২২ খ্রি. তারিখ পর্যন্ত শ্রান্তি বিনোদন ছুটি এবং মূল বেতনের সমপরিমাণ অর্থ উত্তোলনে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২১ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে গফরগাঁও উপজেলায় ব্যাপকভাবে দিবসটি উদযাপন করা হয়ে থাকে। এজন্য সরকারি বরাদ্দের স্বল্পতার কারণে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার (স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার ১০ নভেম্বর ২০১৪ ইং তারিখের ১০৬৭ নং স্মারকমূলে জারিকৃত) ৫ এর 'খ' নং অনুচ্ছেদ মোতাবেক জাতীয় দিবস পালনের উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থব্যয় করা যাবে মর্মে উল্লেখ রয়েছে। উক্ত অনুষ্ঠান পরিচালনার খরচের জন্য ৭০,০০০/-(সত্তর হাজার) টাকা উত্তোলন করার জন্য সভায় প্রস্তাব করা হয়। | গত ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২১ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উৎযাপনের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৭০,০০০/-(সত্তর হাজার) টাকা উত্তোলন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার |
| ০৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ সভায় বলেন যে, বিভাগীয় প্রধানগণ এবং সকল ইউপি চেয়ারম্যানগণসহ সকলেই সমন্বয়ের মাধ্যমে কাজ করার জন্য অনুরোধ জানান। আসন্ন ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১ উপলক্ষ্যে শতস্ফুর্তভাবে জনগণকে অংশগ্রহণে উদ্বুদ্ধ করতে হবে। সুষ্ঠ নির্বাচনে প্রশাসন কর্তৃক যে কোনো উদ্যোগ কে স্বাগত জানানো হবে। এ বিষয়ে সকলের সহযোগীতার প্রয়োজন রয়েছে। গফরগাঁওয়ের উন্নয়নের জন্য সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণ করতে সকলকে উদার্তভাবে আহ্বান জানান। সারের দাম যেন না বাড়ে এবং কৃত্রিম সংকট সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সতর্ক থাকতে বলেন। এছাড়াও বোরো মৌসুমে যেন কোনো উপকরণের ঘাটতি না হয়। সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান। | সকলকে গফরগাঁও এর উন্নয়নের জন্য সরকারি দিক নির্দেশনা মোতাবেক সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় জানান যে, আগামী ৫ জানুয়ারি ২০২২ খ্রি. ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১ উপলক্ষ্যে সুষ্ঠু নির্বাচন করার জন্য সরকার নির্দেশিত যে কোনো পদক্ষেপ গ্রহণ করা হবে। নির্বাচনী আচরণ বিধিমালা মেনে চলার জন্য সকল সম্ভাব্য প্রার্থীদেরকে অনুরোধ জানান। নির্বাচনী প্রচারণায় জনগণকে ভোট কেন্দ্রে যাওয়ার জন্য উদ্বুদ্ধ করতে হবে। কোনো প্রকার অরাজকতা বা বিশৃঙ্খলা যেন কেউ সৃষ্টি করতে না পারে সে দিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে। অন্যথায় কাউকে ছাড় দেয়া হবে না। আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। নির্বাচনে সকলের সহযোগীতা পালন করা হবে। উন্নয়নমূলক কাজগুলো যথাসম্ভব দ্রুত সমাধান করতে হবে। উন্নয়ন কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য সকলকে সচেষ্ট থাকতে হবে। আন্তরিকতার মাধ্যমে এগিয়ে নিয়ে যেতে হবে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় আমরা জনগণের জন্য কাজ করতে বদ্ধপরিকর। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়ন করে সোনার বাংলা গড়ার লক্ষে নিরলস কাজ করে যেতে হবে। | উন্নয়ন কর্মকান্ডে সংশ্লিষ্ট সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১২/২০২১

(মো: আশরাফ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২১-১৪৫২/১(৬০)

তারিখ: ৩০.১২.২০২১ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৭। উপজেলা ............................................................ অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, .......................................................... ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৯। জনাব ........................................................................................................।
১০। অফিস কপি।

৩০/১২/২০২২

(মো: তাজুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।

৩০/১২/২০২১